গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা
www.sylhetdiv.gov.bd

নম্বর: ০৫.৪৬.০০০০.০০৪.১১.০০২.১৭.৫৩৩ তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩১
০undefined undefined
undefinedundefinedundefinedundefined

অফিস আদেশ

জনপ্রশাসন মন্ত্রণালয়, উদ্বৃত্ত কর্মচারী শাখার স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৬৬.১১.০০৫.২০-৫৭, তারিখ- ১৪ মে ২০২৩ মুলে এবং সিলেট বিভাগীয় নির্বাচনী বোর্ডের ১৩ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৫.৪৬.০০০০.০০১.০৬.০০২.২১.৪০ নম্বর স্মারকমূলে জারিকৃত ০৫/২০২৪ নম্বর সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত প্রার্থীগণকে নামের পার্শ্বে গাড়িচালক পদে মেধার ক্রমানুসারে নিয়োগের জন্য সুপারিশ করা হয়। তদপ্রেক্ষিতে সংশ্লিষ্ট প্রার্থীগণের পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সংগ্রহ এবং সংশ্লিষ্ট বিআরটিএ অফিস হতে ড্রাইভিং লাইসেন্সের সত্যতা যাচাই করা হয়। পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে কোন বিরূপ মন্তব্য না থাকায় এবং সংশ্লিষ্ট বিআরটিএ অফিস হতে ড্রাইভিং লাইসেন্স যাচাইক্রমে সঠিক পাওয়ায় মেধার ক্রমানুসারে তাদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতন স্কেলে নিম্নোক্ত শর্তসাপেক্ষে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্রম	প্রার্থীর রোল নম্বর	নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	পদ	বেতন গ্রেড ও স্কেল (জা.বে.স্কেল ২০১৫ অনুযায়ী)
০১	১৯০০০৫৫	জনাব নিপন সিংহ পিতা- নীল চন্দ্র সিংহ মাতা- অনিতা দেবী	গ্রাম: ছোট ধামাই ডাকঘর: ছোট ধামাই- ৩২৫২ উপজেলা: জুড়ী জেলা: মৌলভীবাজার	গাড়িচালক	গ্রেড: ১৬ ৯,৩০০/- ২২,৪৯০/-
০২	১৯০০০৪৫	জনাব মোঃ ইসমাইল আহমদ শাকিল পিতা- আমির উদ্দিন আহমদ মাতা- আয়শা বেগম পারুল	গ্রাম: দোয়েল-১৭, মাছিমপুর ডাকঘর: সিলেট সদর-৩১০০ উপজেলা: সিলেট সদর জেলা: সিলেট	গাড়িচালক	গ্রেড: ১৬ ৯,৩০০/- ২২,৪৯০/-
০৩	১৯০০০৭৮	জনাব মনিন্দ্র বিশ্বাস পিতা- ঝন্টু বিশ্বাস মাতা- মমতা বিশ্বাস	গ্রাম: চিকনাগুল পাহাড়,চিকনাগুল ডাকঘর: চিকনাগুল- ৩১৫২ উপজেলা: জৈন্তাপুর জেলা: সিলেট	গাড়িচালক	গ্রেড: ১৬ ৯,৩০০/- ২২,৪৯০/-
০৪	১৯০০০৮১	জনাব দেলোয়ার হোসেন পিতা- আব্দুল মান্নান মাতা- রাজিয়া খাতুন	গ্রাম: মুক্তিখলা ডাকঘর: বিশ্বম্ভরপুর- ৩০১০ উপজেলা: বিশ্বম্ভরপুর জেলা: সুনামগঞ্জ	গাড়িচালক	গ্রেড: ১৬ ৯,৩০০/- ২২,৪৯০/-
০৫	১৯০০১৩৪	জনাব মুক্তব আলী পিতা- সুলতান নূর মাতা- সখিনা খাতুন	গ্রাম: শিমুলতলা ডাকঘর: বাদাঘাট বাজার-৩০৩০ উপজেলা: তাহিরপুর জেলা: সুনামগঞ্জ	গাড়িচালক	গ্রেড: ১৬ ৯,৩০০/- ২২,৪৯০/-

০৬	১৯০০০২৭	জনাব মোঃ নূরুল ইসলাম পিতা- মোঃ রফিক মিয়া মাতা- মোছাঃ খাদিজা বেগম	গ্রাম: দেওরগাছ ডাকঘর: চুনারুঘাট- ৩৩২০ উপজেলা: চুনারুঘাট জেলা: হবিগঞ্জ	গাড়িচালক	গ্রেড: ১৬ ৯,৩০০/- ২২,৪৯০/-

০২। **শর্তাবলী:**

(ক) আগামী **৩০ মে ২০২৪ তারিখ রোজ বৃহস্পতিবার** পূর্বাহ্ণে **বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট** বরাবর নিয়োগকৃত পদে যোগদান করতে হবে। নিয়োগপ্রাপ্ত প্রার্থীর যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

(খ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে যোগদানপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে:

(১) নিজ জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত শারীরিক যোগ্যতা ও ডোপ টেস্ট সম্পর্কিত স্বাস্থ্যগত সনদপত্রের মূল কপি।

(২) ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ছায়ালিপি।

(৩) আবেদনপত্রে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি এবং সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড/ সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের মূলকপি।

(৪) প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/ আনসার ও ভিডিপি কোটার সনদের মূল/ সাময়িক সনদপত্র।

(৫) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ এবং পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি।

(৬) বাংলাদেশের নাগরিক নয় এমন কাউকে বিবাহ করেন নাই বা বিবাহ বন্ধনে আবদ্ধ হতে পারবেন না বা বিবাহের জন্য প্রতিশ্রুতি প্রদান করেন নাই, এই মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে লিখিত অঙ্গীকারনামা।

(৭) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে যোগদানপত্রের সাথে স্ব স্ব জেলার বিজ্ঞ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত কর্তৃক প্রদত্ত নন জুডিশিয়াল স্ট্যাম্পে নিম্নোক্ত বিষয়ে একটি হলফনামা দাখিল করতে হবে "আমি..................পিতা/স্বামী................গ্রাম/মহল্লা/রাস্তা নম্বর................ ডাকঘর............উপজেলা......................জেলা...................। এ আদালতে উপস্থিত হয়ে হলফ করে বলছি যে, আমি উল্লিখিত সাকিনের স্থায়ী বাসিন্দা। পরবর্তীকালে এ তথ্য মিথ্যা কিংবা ভুল প্রমাণিত হলে কোন কারণ দর্শানো ব্যাতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকরি হতে বরখাস্ত করতঃ ক্ষতিপূরণ আদায়সহ আইনি ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। এ ব্যাপারে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে মেনে নিতে বাধ্য থাকব।"

(৮) চাকরিতে যোগদানের পূর্বদিন পর্যন্ত সম্পদের হিসাব বিবরণী (চাকরিতে যোগদানের পর অফিস থেকে ফরম সরবরাহ করা হবে)।

(৯) নিয়োগপ্রাপ্ত প্রার্থী কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতিপত্র / ছাড়পত্রের কপি দাখিল করতে হবে।

(গ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে কোন গড়মিল, জাতীয়তা, কোটা সংক্রান্ত সনদ এবং শিক্ষাগত যোগ্যতার সনদে সঠিকতা প্রমাণিত না হলে অথবা কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) চাকরিতে তাদের জ্যেষ্ঠতা সংশ্লিষ্ট বিধি/ নীতিমালা অনুযায়ী নির্ধারিত হবে। নির্ধারিত জ্যেষ্ঠতা অনুযায়ী জ্যেষ্ঠ কর্মচারী রাজস্ব খাতের স্থায়ী পদে এবং কনিষ্ঠ কর্মচারী অস্থায়ীভাবে সৃজিত পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত হিসেবে গণ্য হবেন।

(ঙ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ চাকরিতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে তার/ তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার/ তাদের চাকরি অবসান ঘটাতে পারবেন।

(চ) শিক্ষানবিশ চাকরিকাল সন্তোষজনক বিবেচনায় সংশ্লিষ্ট বিধি অনুযায়ী নিয়োগকৃত পদে চাকরি স্থায়ী করা হবে।

(ছ) শিক্ষানবিশকালে চাকরি হতে ইস্তফা প্রদানের প্রয়োজন হলে ০১ (এক) মাস পূর্বে কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। তার ইস্তফা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে তিনি চাকরি থেকে অনুপস্থিত থাকলে তার বিরুদ্ধে সরকারি বিধি-বিধান অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) নিয়োগপত্রে নির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, বিধিমালা, আদেশ এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

(ঝ) বিভাগীয় কমিশনার অফিসের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ তার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

(ঞ) যোগদানের জন্য নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৬-৫-২০২৪
আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি
বিভাগীয় কমিশনার
ফোন: ০২৯৯৬৬৪৩২৬৬
ইমেইল:
divcomsylhet@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.০০০০.০০৪.১১.০০২.১৭.৫৩৩/১(১৯)

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩১
০undefined undefined
undefinedundefinedundefinedundefined

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) পরিবহন কমিশনার , সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৫) অতিরিক্ত সচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) যুগ্মসচিব, উদ্বৃত্ত কর্মচারী অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) উপ-মহা পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।
৮) পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট্
৯) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
১০) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
১১) জেলাপ্রশাসক, সিলেট।
১২) পুলিশ সুপার, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
১৩) সিভিল সার্জন, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
১৪) আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
১৫) ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস, সিলেট বিভাগ, সিলেট।
১৬) উপ-পরিচালক, সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, উপশহর, সিলেট।
১৭) সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
১৮) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব ও সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
১৯) জনাব ....
....।

২৬-৫-২০২৪
আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি
বিভাগীয় কমিশনার